

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৯.০২০.০২.০০.০০১.২০১৫-৩০৫

তারিখঃ ১৪ জুলাই ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ অনিষ্পন্ন অডিট আপত্তির সর্বশেষ অবস্থা অবহিতকরণ।

- সূত্রঃ (ক) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ১২৪৫, তারিখঃ ১৭/১২/২০১৫ খ্রিঃ।
(খ) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ১২৬২, তারিখঃ ১৭/১১/২০১৫ খ্রিঃ।
(গ) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ১৮২, তারিখঃ ১৬/০৫/২০১৬ খ্রিঃ।
(ঘ) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ২১৭, তারিখঃ ১২/০৬/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন সংস্থাসমূহের সৃষ্টিকাল থেকে হালনাগাদ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদসমূহের নিষ্পত্তিমূলক জবাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। অপরদিকে সাধারণ আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক জবাব সরাসরি সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণ করে (প্রয়োজন বোধে দ্বি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তি করে) সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের প্রত্যয়নপত্রসহ ৩১/১২/২০১৫ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগের অডিট-২ অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। কিন্তু অদ্যাবধি স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে সাধারণ অনুচ্ছেদসমূহের নিষ্পত্তিমূলক প্রত্যয়নপত্র পাওয়া যায়নি। পরবর্তীতে "গ" সূত্রের মাধ্যমে ৩১/০৫/২০১৬ তারিখের মধ্যে ছক মোতাবেক অগ্রিম ও সাধারণ আপত্তির তথ্য প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। নির্ধারিত তারিখের মধ্যে তথ্য না পাওয়ার "ঘ" সূত্রের মাধ্যমে জরুরী তাগিদপত্র প্রেরণ করা হলে আংশিক তথ্য পাওয়া গেলেও সকল পৌরসভা হতে অদ্যাবধি চাহিত তথ্য পাওয়া যায়নি।

২। উল্লেখ্য, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহের অনিষ্পন্ন অগ্রিম ও সাধারণ অডিট আপত্তির তথ্যাদির উপর সিদ্ধান্তের জন্য আগস্ট মাসে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিতব্য সভায় উপস্থাপিত হবে।

৩। এমতাবস্থার, তাঁর জেলার বিভিন্ন পৌরসভাসমূহের সৃষ্টিকাল থেকে হালনাগাদ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম/সাধারণ অনুচ্ছেদসমূহের সর্বশেষ অবস্থা নিম্নলিখিত "ক ও খ" ছক মোতাবেক আগামী ৩(তিন) কার্যদিবসের মধ্যে বিশেষ বাহক মারফত এবং সফট কপি ই-মেইল নং lgdiqbal@gmail.com প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল। (কোন পৌরসভার অডিট আপত্তি না থাকলে শুন্য প্রতিবেদন প্রেরণ করতে হবে)।

ছক - "ক"

অগ্রিমঃ

ক্রমিক নং	পৌরসভার নাম	আপত্তির অর্থ বছর	অর্থ বছরওয়ারী আপত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী আপত্তি নিষ্পত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী অনিষ্পন্ন আপত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী জড়িত টাকার পরিমাণ	সর্বমোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

ছক "খ"

সাধারণঃ

ক্রমিক নং	পৌরসভার নাম	আপত্তির অর্থ বছর	অর্থ বছরওয়ারী আপত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী আপত্তি নিষ্পত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী অনিষ্পন্ন আপত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী জড়িত টাকার পরিমাণ	সর্বমোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

১৪.৭.১৬
(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।

উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)
জেলাঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।

২. যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
৩. পরিচালক, স্থানীয় সরকার (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/মুন্সিরা/সিলেট), বিভাগীয় কমিশনারের কার্যালয়।
৪. জেলা প্রশাসক (সকল)।
৫. মেয়র (সকল) পৌরসভা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
৮. সংরক্ষণ নথি।